দৈনিক সংবাদ

তারিখ JAN. 3 1999
পৃষ্ঠা ৮ কলাম ৬

575

# উপাচার্যের সঙ্গে যৌন নিপীড়নবিরোধী ছাত্রীদের সাক্ষাৎ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

যৌন নিপীড়নকারী শিক্ষকের শাস্তিসহ ৬ দফা দাবিকে সামনে রেখে যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ, কে আজাদ চৌধুরীর সাথে সাক্ষাৎ করেছে।

উপাচার্য এ সময় সিনেট, সিন্ডিকেট, শিক্ষক সমিতি ও ছাত্র সংগঠনের সাথে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে ছাত্রছাত্রীদের আশ্বাস দিয়েছেন।

উপাচার্যের আহ্বানে গতকাল সকালে ছাত্রছাত্রী ও বিশ্ববিদ্যালয়ের মহিলা শিক্ষকরা তার কার্যালয়ে গিয়ে সাক্ষাৎ করেন। এ সময় তারা তাদের ৬ দফা দাবি তুলে ধরেন। তাদের ৬ দফা দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত আন্দোলন কর্মসূচি অব্যাহত থাকবে বলে ছাত্রছাত্রীরা জানায়।

উপাচার্যের সাথে সাক্ষাৎকালে মহিলা শিক্ষকদের মধ্যে যারা উপস্থিত ছিলেন তারা হলেন, মাহমুদা ইসলাম, সাদেকা হালিম, জেরিনা জামান খান, সোনিয়া নিশাত আমিন, নাসরিন খন্দকার প্রমুখ। ছাত্রীদের মধ্যে রূপা, লিমা, বহ্নি প্রমুখ উপস্থিত ছিলেন।